

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭০১

٩. यन गलाता সूमिष्ठ উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ দুনিয়ার যেসব জিনিস সমুন্নত হয়, অবশ্যই সেগুলো এক সময় অবনমিত হবে, কেননা দুনিয়ার এসব জিনিস হলো পঙ্কিল, যা নিঃশেষ হওয়ার জন্য সৃষ্টি করা হয়েছে

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ مَا ارْتَفَعَ مِنْ هَذِهِ الأشياء لا بد لَهُ أَنْ يَتَّضِعَ لِأَنَّهَا قَذِرَةٌ خُلِقَتْ لِلْفَنَاءِ

## আরবী

701 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ أَحْمَدَ بْنِ بِسْطَامٍ بِالْأَبْلَّةِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ بْنِ كُرَيْبٍ قَالَ: كَانَتْ نَاقَةُ رَسُولِ اللَّهِ كُرَيْبٍ قَالَ: كَانَتْ نَاقَةُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعَضْبَاءُ لَا تُسْبَقُ كُلَّمَا سَابَقُوهَا سَبَقَتْ فَجَاءَ أَعْرَابِيُّ عَلَى قَعُودٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعَضْبَاءُ لَا تُسْبَقُ كُلَّمَا سَابَقُوهَا سَبَقَتْ فَجَاءَ أَعْرَابِيُّ عَلَى قَعُودٍ فَسَابَقَهَا فَسَبَقَهَا فَاشْتَدَّ ذَلِكَ عَلَى أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى رَأَى ذَلِكَ عَلَى أَصْحَابٍ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ أَنْ لَا يَرْتَفِعَ شَىٰءٌ مِنْ هَذِهِ الْقَذَرَةِ إِلَّا وضعها الله)

الراوي: أُبِيّ بْن كَعْبٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح أبن حبان

الصفحة أو الرقم: 701 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৭০১. আনাস রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আযবা নামী উদ্রীকে কখনো হারানো যেতো না; যখনই তার সাথে প্রতিযোগিতা করা হতো তখনই সে বিজয়ী হতো। একবার এক বেদুঈন ব্যক্তি (ছয় বছর বয়সী) একটি যুবক উটে চড়ে আসলো, অতঃপর সে আযবা উদ্রীর সাথে প্রতিযোগিতা দিয়ে বিজয়ী হলো। এটি সাহাবাদের কাছে খুবই কষ্টকর মনে হলো এমনকি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁদের কষ্ট পাওয়ার ছাপ তাঁদের চেহারায় দেখতে পেলেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, "আল্লাহর উপর হক হলো নগণ্য-পিছল এই দুনিয়ার যেই জিনিসই সমুন্নত হয়, সেটাকেই আল্লাহ অবনমিত করে দেন।"[1]



## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬৫০১; মুসনাদ আহমাদ: ৩/১০৩; আবু দাউদ: ৪৮০৩; নাসাঈ: ৬/২২৭; সুনান বাইহাকী: ১০/২৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৬৫২; মুসনাদুশ শিহাব: ১০০৯।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩৫২৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন